

## Prime Minister addresses CoWIN Global Conclave 2021

July 05, 2021

### বিশ্বব্যাপী COWIN মন্ত্রণাসভা 2021 -এ প্রধানমন্ত্রী ভাষণ প্রদান করেছেন।

জুলাই 05, 2021

প্রধানমন্ত্রী কোউইন গ্লোবাল কনক্লেভে ভাষণ দিয়েছেন, ভারত কোভিড-১৯এর মোকাবিলা করার জন্য মানুষের সুবিধার্থে কোউইন প্ল্যাটফর্ম সকলকে ব্যবহারের সুযোগ করে দিতে চায়

কোউইন প্ল্যাটফর্ম একটি ওপেন সোর্স যা যেকোন দেশ ব্যবহার করতে পারবে : প্রধানমন্ত্রী

২০ কোটি মানুষ আরোগ্য সেতু অ্যাপ ব্যবহার করছেন, যেকোন ডেভেলপার এই অ্যাপ সহজেই ব্যবহার করতে পারবেন : প্রধানমন্ত্রী

গত ১০০ বছর এ ধরনের মহামারী হয়নি, খুব শক্তিশালী হলেও এককভাবে কেউ এই চ্যালেঞ্জের মোকাবিলা করতে পারবে না : প্রধানমন্ত্রী

আমাদের একসঙ্গে কাজ করতে হবে আর একযোগে সামনের দিকে এগিয়ে যেতে হবে : প্রধানমন্ত্রী

ভারত সিদ্ধান্ত নিয়েছে টিকাকরণের কৌশল সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে করা হবে : প্রধানমন্ত্রী

সুরক্ষিত ও ভরসাযোগ্য নথির সাহায্যে কোথায় কার কাছ থেকে টিকা নেওয়া হয়েছে এ বিষয়ে যথাযথ প্রমাণ থাকবে : প্রধানমন্ত্রী

ডিজিটাল পদ্ধতি ব্যবহারের ফলে টিকার প্রয়োগ সম্পর্কে তথ্য রাখা যায় এবং অপচয় কমানো যায় : প্রধানমন্ত্রী

‘এক বিশ্ব এক স্বাস্থ্য ব্যবস্থা’ ভাবনায় মানবজাতি এই মহামারীকে নিশ্চিতভাবে প্রতিহত করবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ কোউইন গ্লোবাল কনক্লেভে ভাষণ দিয়েছেন। কোভিড-১৯ মহামারী প্রতিহত করতে কোউইন প্ল্যাটফর্ম ব্যবহারের সুযোগ ভারত সারা পৃথিবীকে দিয়েছে।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণের শুরুতে এই মহামারীর কারণে সারা পৃথিবীতে যাঁদের জীবনাবসান হয়েছে তাঁদের নিকটজনদের সমবেদনা জানিয়েছেন। তিনি বলেছেন, গত ১০০ বছর এ ধরনের কোনো মহামারীর সম্মুখীন হতে হয়নি এবং খুব শক্তিশালী হলেও কোনো দেশ এককভাবে এই চ্যালেঞ্জের মোকাবিলা করতে পারবেনা। শ্রী মোদী বলেছেন, ‘কোভিড-১৯ মহামারী থেকে সব চাইতে বড় যে শিক্ষা মানবজাতি পেয়েছে তা হল আমাদের একসঙ্গে কাজ করতে হবে আর

একযোগে সামনের দিকে এগিয়ে যেতে হবে। আমরা প্রত্যেকে প্রত্যেকের কাছে শিখবো এবং অন্যের সবথেকে ভাল পন্থা-পদ্ধতিগুলি নিয়ে আলোচনা করবো।' সারা বিশ্বের সঙ্গে ভারত তার অভিজ্ঞতা, বিশেষজ্ঞদের পরামর্শ এবং সম্পদ ভাগ করে নিতে চায় বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী পৃথিবীর বিভিন্ন দেশের পন্থা-পদ্ধতি সম্পর্কে জানতে ভারতের আগ্রহের বিষয়টিও উল্লেখ করেছেন। এই মহামারীর মোকাবিলায় প্রযুক্তির গুরুত্বের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেছেন, সফ্টওয়্যার হল এমন একটি বিষয় যেখানে আমাদের সম্পদের ঘাটতির কোনো সমস্যা নেই। আর তাই কোভিড সংক্রমিতদের সংস্পর্শে কেউ আসলে তাকে শনাক্ত করার জন্য ওপেন সোর্স অ্যাপ দ্রুত উদ্ভাবন করা হয়েছে। প্রযুক্তিগত দিক থেকে যা অত্যন্ত সুবিধাজনক। প্রধানমন্ত্রী বলেছেন, ২০ কোটি মানুষ আরোগ্য সেতু অ্যাপটি ব্যবহার করছেন। যেকোন ডেভেলপার সহজেই এই অ্যাপটি ব্যবহার করতে পারেন। যেহেতু এটি ভারতে ব্যবহৃত হয়েছে তাই এর গতি এবং কাজের ধারা যথাযথভাবে পরীক্ষিত বলে প্রধানমন্ত্রী আশ্বস্ত করেছেন।

শ্রী মোদী বলেছেন, মহামারী থেকে মানবজাতিকে রক্ষা করতে গেলে টিকাকরণ সব থেকে ভালো পন্থা। ভারত সিদ্ধান্ত নিয়েছিল সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে টিকাকরণের কৌশল নির্ধারণ করতে হবে। এর ফলে মহামারী পরবর্তী সময়ে পৃথিবী যখন স্বাভাবিক অবস্থায় ফিরে আসবে তার জন্য টিকা নেওয়ার প্রক্রিয়াটি গুরুত্বপূর্ণ। এ সংক্রান্ত প্রামাণ্য নথি নিরাপদ, সুরক্ষিত ও ভরসাযোগ্য হতে হবে, প্রত্যেককে সেই তথ্যটি রাখতে হবে যে তিনি কোথায় কার কাছ থেকে টিকা নিয়েছেন। টিকার ডোজের যাতে অপচয় না হয় এবং কাদের কাদের ডোজ দেওয়া হচ্ছে সে সংক্রান্ত তথ্য ভারতে ডিজিটাল প্রক্রিয়ায় সঞ্চয় করে রাখা হচ্ছে।

সারা বিশ্বকে এক পরিবার হিসেবে ভাবনার ভারতীয় দর্শনের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেছেন কোভিড টিকাকরণ প্ল্যাটফর্ম কোউইনের উদ্ভাবন তাই ওপেন সোর্স পদ্ধতিতে করা হয়েছে। পৃথিবীর যেকোন দেশ এটি ব্যবহার করতে পারবে।

শ্রী মোদী বলেছেন, আজকের আলোচনাচক্র কোউইনকে সারা পৃথিবীর কাছে পরিচিত করার প্রথম ধাপ। এই প্ল্যাটফর্মের মাধ্যমে ভারত ৩৫ কোটি টিকার ডোজ দিয়েছে। দিন কয়েক আগে ভারতে একদিনে ৯০ লক্ষ মানুষ টিকা পয়েছেন। টিকা সংক্রান্ত প্রামাণ্য নথির জন্য সব জায়গায় এক টুকরো কাগজ নিয়ে ঘোরার কোনো প্রয়োজন নেই। এ সংক্রান্ত সব তথ্য ডিজিটাল ফরম্যাটে রয়েছে। আর সবথেকে ভালো বিষয় হল যে কেউ এই সফ্টওয়্যারটি তার স্থানীয় চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় পরিবর্তন করতে পারবেন। তার বক্তব্যের শেষ পর্যায়ে প্রধানমন্ত্রী আশা করেছেন আলোচনা অত্যন্ত ফলপ্রসূ হবে। 'এক বিশ্ব এক স্বাস্থ্য ব্যবস্থা' ভাবনায় মানবজাতি এই মহামারীকে নিশ্চিতভাবে প্রতিহত করবে।

নিউ দিল্লি

জুলাই ০৫, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.